

# সমকাল

প্রকাশ : ২৬ মার্চ, ২০১৪ ০০:০০:০০

## কম্পিউটার গেম হাতিরঝিল

হাতিরঝিল; ধুলাবালির ঢাকায় এক টুকরো বিনোদনের নাম। ইতিমধ্যেই বেশ জনপ্রিয় হয়ে উঠেছে জায়গাটি। এই হাতিরঝিলকে নিয়েই ম্যাসিভস্টার স্টুডিওর কয়েকজন তরুণ উদ্যোক্তা তৈরি করেছেন 'হাতিরঝিল :ড্রিম বিগিনস' শীর্ষক কম্পিউটার ভিডিও গেম। তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের সহযোগিতায় গত সোমবার গেমটি উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক, একাত্তর টিভির প্রধান সম্পাদক মোজাম্মেল বাবু, উই মেক গেমসের প্রকল্প পরিচালক ড. ওয়াং, ম্যাসিভস্টার স্টুডিও লিমিটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা এস এম মাহাবুব আলম প্রমুখ উপস্থিত ছিলেন। ম্যাসিভস্টার স্টুডিও লিমিটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা এসএম মাহাবুব আলম জানান. পারিবারিক বিনোদনের কথা মাথায় রেখে ৩১ পর্বের গেমসটি তৈরি করা হয়েছে। প্রযুক্তি প্রতিদিন ডেস্ক

ফোন : ৮৮৭০১৭৯-৮৫ ৮৮৭০১৯৫

ফ্যাক্স : ৮৮৭০১৯১ ৮৮৭৭০১৯৬

সম্পাদক : গোলাম সারওয়ার

বিজ্ঞাপন : ৮৮৭০১৯০

প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা ঢাকা - ১২০৮